

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৫

তারিখ : ২৫ অক্টোবর ২০১৮

১০ কার্তিক ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

কর্মকর্তা-কর্মচারী বদলী ও বাধ্যতামূলক বার্ষিক ছুটি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের তৎকালীন মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ এর ১৯/১০/২০০৮ তারিখের পত্র নং- মালপ্রবি(বিশেষ) ২৬৭/২০০৮-৩৯১৮-৩৯৬৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রে ব্যাংকের শাখা ব্যবস্থাপকসহ শাখার সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের ২(দুই) বা ৩(তিন) বছর পরপর বদলী এবং প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বছরে ন্যূনতম একনাগাড়ে ১৫(পনের) দিনের বাধ্যতামূলক ছুটি প্রদান এবং এ সময়ে ঋণ ও আগামসমূহ যাচাই করার বিষয়ে একটি পদ্ধতি প্রচলনের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। এক্ষণে, উল্লিখিত নির্দেশনার উদ্দেশ্য কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে :

(ক) ব্যাংকের শাখা ব্যবস্থাপকসহ শাখা ও প্রধান কার্যালয়ের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের (ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হতে উপব্যবস্থাপনা পরিচালক বা সমমর্যাদার কর্মকর্তা এবং বিশেষ কর্মোদ্দেশ্যে বা বিশেষজ্ঞ হিসেবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ব্যতিরেকে) ৩(তিন) বছর পর পর বদলীর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) শাখায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রতি বছর একবার নিরবিচ্ছিন্নভাবে ১০(দশ) দিনের বাধ্যতামূলক ছুটি প্রদান করতে হবে। তবে, সরকারী নীতিমালা বা ব্যাংকের নিজস্ব নীতিমালার আলোকে শ্রান্তি বিনোদন ছুটি (Recreation Leave) কার্যকর রয়েছে এরূপ ব্যাংকসমূহের শাখায় কর্মরত কোন কর্মকর্তা-কর্মচারী যে বছর শ্রান্তি বিনোদন ছুটি ভোগ করবেন, সে বছর তিনি বাধ্যতামূলক ছুটি প্রাপ্য হবেন না;

(গ) শাখায় কর্মরত কর্মকর্তা-কর্মচারী শ্রান্তি বিনোদন ছুটি বা বাধ্যতামূলক ছুটি ভোগকালে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর অব্যবহিত পূর্বের ১(এক) বছরের সম্পাদিত দাণ্ডরিক কার্যক্রম স্ব-স্ব শাখা হতে অভ্যন্তরীণভাবে পরীক্ষা করে সন্দেহজনক কোন কার্যক্রম পরিলক্ষিত হলে এতদ্বিষয়ক প্রতিবেদন ব্যাংকের মানব সম্পদ বিভাগে দাখিল করবে। ব্যাংকের মানব সম্পদ বিভাগ প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫২